

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

| | |
|-----------------|---|
| প্রযুক্তির নাম | : টমেটোর ব্যাকটেরিয়া জনিত ঢলে পড়া এবং শিকড়ে গিট কৃমি রোগ ও তার দমন ব্যবস্থাপনা |
| প্রযুক্তির ছবি | :  টমেটোর ঢলে পড়া রোগের লক্ষণ টমেটোর শিকড়ে গিট কৃমি রোগের লক্ষণ |
| বিস্তারিত বিবরণ | : বীজতলা তৈরী এবং সুস্থ ও সবল চারা উৎপাদন <ul style="list-style-type: none"> ➤ জমি ভালভাবে চাষ দিয়ে ৪/৫ দিন প্রখর রোদে ফেলে রাখতে হবে। ➤ অতঃপর বীজতলার মাটি সমান করে কাঠের শুকনো গুঁড়া ৫/৬ সেন্টিমিটার পুরুস্তরে তৈরী করে বীজতলার উপরে সমানভাবে বিছিয়ে আগুন দিয়ে পুড়িয়ে মাটি শোধন করতে হবে। ➤ বীজ বপনের পূর্বে প্রোভেক্স ২০০ (প্রতি কেজি বীজে ২.৫ গ্রাম) নামক ছত্রাকনাশক দ্বারা বীজ শোধন করতে হবে। ➤ প্রতিরোধী জাত (বারি টমেটে-১৬, বারি টমেটে-১৭) চাষ করতে হবে। ➤ বীজতলায় পানি নিষ্কাশনের ভাল ব্যবস্থা থাকতে হবে ও পাতলা করে বীজ বুনতে হবে। জমি তৈরী ও চারা রোপন <ul style="list-style-type: none"> ➤ জমি তৈরীর সময় হেক্টর প্রতি ৬০০ কেজি নিমের খৈল জমিতে প্রয়োগ করতে হবে। জমি উত্তমরূপে চাষ দিয়ে নিমের খৈল মাটির সাথে ভালভাবে মিশিয়ে কমপক্ষে ১৫ দিন পচাতে হবে। অথবা হেক্টর প্রতি ৩ টন ট্রাইকো-জৈব কম্পোষ্ট/ট্রাইকো-ভার্মি কম্পোষ্ট মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিয়ে কমপক্ষে ৫ দিন রেখে দিতে হবে। ➤ ব্যাকটেরিয়া জনিত ঢলে পড়া রোগের প্রভাব জানা থাকলে হেক্টর প্রতি ২০ কেজি স্টেবল ব্লিচিং পাউডার জমি শেষ চাষের সময় মাটিতে প্রয়োগ করলে শুধুমাত্র ব্যাকটেরিয়া জনিত ঢলে পড়া রোগের প্রকোপ হ্রাস পায়। ➤ জমিতে চারা রোপন-এর সময় প্রতি গাছের গোড়ায় ২.০ গ্রাম হারে ফুরাডান ৫জি প্রয়োগ করলে কৃমি রোগ সঠিকভাবে দমন করা যায়। চারা রোপনের পর করণীয় <ul style="list-style-type: none"> ➤ ব্যাকটেরিয়া জনিত ঢলে পড়া রোগের লক্ষণ দেখা দিলে সাথে সাথে জমিতে ভাসানো সেচ দেয়া বন্ধ করতে হবে। আক্রান্ত গাছ সংগ্রহ করে পুড়িয়ে ফেলতে হবে এবং আক্রান্ত স্থান স্টেবল ব্লিচিং পাউডার দিয়ে শোধন করতে হবে। ➤ জমিতে ছত্রাকজনিত ঢলে পড়া রোগের লক্ষণ দেখা দিলে অটোস্টিন নামক ছত্রাকনাশক ০.২% হারে ১২-১৫ দিন পর পর ৩ বার) দিয়ে গাছের গোড়ার মাটি ভালভাবে ভিজিয়ে দিতে হবে। |
| বৈশিষ্ট্যসমূহ | : এই প্রযুক্তি ব্যবহার করে একসাথে ব্যাকটেরিয়া (ঢলে পড়া) এবং শিকড়ের গিট কৃমি রোগ দমন করা সম্ভব। প্রযুক্তিটি সহজে ব্যবহার যোগ্য ও পরিবেশ বান্ধব। |

সংশ্লিষ্ট বিশেষজ্ঞ বিজ্ঞানীর সাথে যোগাযোগ

ড. মোঃ ইকবাল ফারুক

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ

মোবাইলঃ ০১৯৬৩-৫৩৩১১৮

ফোনঃ ৪৯২৭০১৫৯

ইমেইলঃ mifaruk2012@yahoo.com

mifaruk2013@gmail.com